

AKASHVANI(AIR)

RNU: KOLKATA

Bengali Text Bulletin

29-04-2026

Time: 7.35 AM

বিশেষ বিশেষ খবর -

১) কড়া নিরাপত্তায় রাজ্যের বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ দফায় আজ ৭ জেলার ১৪২-টি আসনে ভোটগ্রহণ চলছে। সন্কে ৬-টা পর্যন্ত ভোট নেওয়া হবে।

৩ কোটি ২১ লক্ষের বেশি ভোটদাতা ১ হাজার, ৪৪৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করছেন।

ভোটার কার্ড ছাড়াও ১২-টি বিকল্প নথি দেখিয়ে ভোট দেওয়া যাবে।

২) অবাধ ও সুষ্ঠু ভোটগ্রহণ সুনিশ্চিত করতে বিভিন্ন জায়গায় পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী মোতায়েন রয়েছে।

৩) ভোটের আগের রাতে দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ে আই এস এফ ও তৃণমূল কংগ্রেস কর্মীদের মধ্যে দফায় দফায় সংঘর্ষে পরিস্থিতি উত্তপ্ত।

৪) সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে অশান্তি সৃষ্টিকারী প্রায় ৩ হাজার জনকে এপর্যন্ত গ্রেফতার করা হয়েছে।

৫) যুব ভারতীতে আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল, ওড়িশা এফ সি-কে ৩-০ গোলে পরাজিত করেছে।

৬) উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় আজ ঝড়-বৃষ্টির পূর্বাভাস।

০০০০০০০০০০০০০০০০০০০০

কড়া নিরাপত্তায় রাজ্যের বিধানসভা নির্বাচনের দ্বিতীয় তথা শেষ দফায় আজ ৭ জেলার ১৪২-টি আসনে ভোটগ্রহণ চলছে। ভোট নেওয়া হবে সন্ধ্যা ৬-টা পর্যন্ত। ৩ কোটি ২১ লক্ষের বেশি ভোটদাতা ১ হাজার, ৪৪৮ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করছেন। মহিলা প্রার্থী রয়েছেন ২২০ জন।

অ্যাপিলেট ট্রাইব্যুনালে ছাড়পত্র মেলায় ১ হাজার ৪৬৮ জন ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন। এই দফায় ভোট দেওয়ার সুযোগ পাচ্ছেন তারা।

দ্বিতীয় দফায় মোট ভোট কেন্দ্র রয়েছে ৪১ হাজার ১-টি। এর মধ্যে মহিলা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্রের সংখ্যা ৮ হাজার ৮৪৫-টি। বিশেষভাবে সক্ষম ব্যক্তির ১৩-টি ভোটগ্রহণ কেন্দ্র পরিচালনা করবেন। মোট ৪ হাজার ৩৮৮-টি বুথ অতি সংকটপ্রবণ হিসেবে চিহ্নিত হয়েছে। এই বুথগুলিতে অতিরিক্ত ক্যামেরা বসানোর পাশাপাশি মোতায়ন থাকছে বাড়তি বাহিনী। ভোটার কার্ড না থাকলে ১২-টি বিকল্প নথি দেখিয়ে ভোট দেওয়া যাবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। এর মধ্যে রয়েছে আধার কার্ড, প্যান কার্ড, ড্রাইভিং লাইসেন্স, পাসপোর্ট, পেনশনের সচিত্র নথি, ব্যাঙ্ক বা পোস্ট অফিসের ছবি সহ পাসবুক ইত্যাদি।

০০০০০০০০০০০০০০০০০০০০

দ্বিতীয় দফায় নিরাপত্তা জোরদার করতে অশান্তির আশঙ্কা রয়েছে এমন ছ'টি বিধানসভা কেন্দ্রে বাড়তি কেন্দ্রীয় বাহিনী মোতায়ন করেছে নির্বাচন কমিশন। এই ছ'টি কেন্দ্র হল পূর্ব বর্ধমানের নাদনঘাট ও কেতুগ্রাম এবং দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়, মগরাহাট পূর্ব ও পশ্চিম এবং ফলতা। এর ফলে প্রাথমিক পরিকল্পনার তুলনায় সার্বিকভাবে কেন্দ্রীয় বাহিনীর সংখ্যা বাড়ল। এই দফায় মোট ২ হাজার ৩৪৩ কোম্পানি বাহিনী মোতায়ন রয়েছে।

মোট বুথের ৩০ শতাংশ সংকটপ্রবণ এবং অশান্তিপ্রবণ বলে চিহ্নিত হয়েছে। নির্ভয়ে নিজেদের ভোটাধিকার প্রয়োগের জন্য ভোটদাতাদের উদ্দেশে আহ্বান জানান তিনি।

(বাইট - মনোজ আগরওয়াল)

ভোট প্রস্তুতি খতিয়ে দেখতে গতরাতে বিভিন্ন এলাকা পরিদর্শন করেন শ্রী আগরওয়াল। বৈঠক করেন, ১৪২-টি বিধানসভা কেন্দ্রের সব থানার ওসির সঙ্গে। পুলিশের উর্দ্ধতন আধিকারিকরাও সেখানে উপস্থিত ছিলেন বলে খবর। আজ ভোরেও সব পর্যবেক্ষকদের সঙ্গে CEO বৈঠক করেছেন বলে সূত্রের খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, নির্বাচনের আগের দিন গতকাল বিভিন্ন সংকটপ্রবণ এলাকা ঘুরে দেখেন এন আই এ-র দল। অতীতে যে সমস্ত জায়গায় বোমাবাজি বা গন্ডগোলের ইতিহাস রয়েছে, মূলত সেই সব স্থানই পরিদর্শন করেন তারা। ডায়মন্ডহারবার পুলিশ জেলা, ভাঙড়, কলকাতার আনন্দপুর, কসবায় জাতীয় তদন্তকারী আধিকারিকরা গিয়েছিলেন বলে খবর।

এন আই এ-র তিন সদস্যের দল বর্ধমান শহর লাগোয়া বিভিন্ন এলাকায় গিয়ে সাধারণ মানুষের সঙ্গে কথা বলেন। খাগড়াগড়ে ২০১৪ সালে যে বাড়িটিতে ভয়াবহ বিস্ফোরণ হয়েছিল, সেই এলাকা ঘুরে দেখেন। ভোটারদের কোনরকম ভীতি প্রদর্শন করা হচ্ছে কিনা, সে ব্যাপারে খোঁজ খবর নেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন দক্ষিণ ২৪ পরগনা এবং বীরভূমের অতিরিক্ত জেলাশাসক পদমর্যাদার দুই আধিকারিককে দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার এডিএম ভাস্কর পাল এবং বীরভূমের এডিএম সৌভিক ভট্টাচার্য—এই দুই আধিকারিককে নির্বাচনের সবরকম কাজকর্ম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। যদিও ঠিক কী কারণে এই সিদ্ধান্ত, তা নিয়ে বিস্তারিত কিছু জানানো হয়নি।

এদিকে, দক্ষিণ ২৪ পরগনার ফলতার যুগ্ম বিডিও সৌরভ হাজারাকে পুরুলিয়ায় বদলি করা হয়েছে। তাঁর জায়গায় ফলতার দায়িত্বে এসেছেন রম্য ভট্টাচার্য।

oooooooooooooooooooooooooooo

রাজ্যের বিভিন্ন জেলায় আজ ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কলকাতা সহ যে জেলাগুলিতে আজ ভোট গ্রহণ হচ্ছে সেগুলিতেও ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। কোথাও কোথাও ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া হয়ে যেতে পারে। হুগলি এবং পশ্চিম মেদিনীপুর জেলায় ভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। তবে বৃষ্টি হলেও আদ্রতা বেশি থাকায় ঘর্মান্ত আবহাওয়া থাকবে বলে আবহাওয়া দপ্তরের অধিকর্তা ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

এদিকে, উত্তরবঙ্গের জলপাইগুড়ি এবং আলিপুরদুয়ার জেলায় ভারী থেকে অতি ভারী এবং দার্জিলিং কালিম্পং এবং কোচবিহার জেলায় ভারী বৃষ্টির সতর্কতা রয়েছে।

oooooooooooooooooooooooooooo

যুব ভারতী ক্রীড়াঙ্গণে গতকাল আই এস এল ফুটবলে ইস্টবেঙ্গল, ওড়িশা, এফ সি-কে তিন - শূন্য গোলে পরাজিত করেছে। গোল করেছেন বিপিন সিং ১-টি এবং ইউসেফ এজ্জজারি জোড়া গোল করেন।

oooooooooooooooooooooooooooo